

প্রবাস

বাংলাদেশ থেকে ১০ হাজার কর্মী নেবে ওমান

প্রতিবেদক: ঢাকা প্রোব ডেস্ক

প্রকাশের তারিখ: বৃহস্পতিবার, ১০ সেপ্টেম্বর ২০২৬, ০৫:০৬ PM



বাংলাদেশ থেকে ১০ হাজার কর্মী নেবে ওমান। এর মধ্যে ৫ হাজার কৃষি শ্রমিক এবং ৫ হাজার নেওয়া হবে মৎস্য শ্রমিক হিসেবে। এ বিষয়ে দুই দেশের মধ্যে একটি চুক্তি সই হয়েছে।

বুধবার (৯ সেপ্টেম্বর) পররাষ্ট্র মন্ত্রণালয়ে প্রতিমন্ত্রী শামা ওবায়দ ইসলামের সঙ্গে সাক্ষাৎ করে ওমানের রাজপরিবারের সদস্য আল সাইয়েদ মোহাম্মদ সেলিম আলী আল সাইদের নেতৃত্বে একটি প্রতিনিধিদল। বৈঠকে শ্রমিক নেওয়ার বিষয়ে আলোচনা হয়। পরে সাংবাদিকদের প্রতিমন্ত্রী এ তথ্য জানান।

প্রতিমন্ত্রী বলেন, ওমানের কৃষি মন্ত্রণালয়ের সঙ্গে আমাদের সরকারের কথা হয়েছে। তাদের একটি প্রতিনিধিদল বাংলাদেশে এসেছিল। ওমান আমাদের কাছ থেকে ৫ হাজার কৃষক ও ৫ হাজার মৎস্যজীবী নেবে বলে জানিয়েছে। এ নিয়ে একটি চুক্তি সই হয়েছে।

প্রতিমন্ত্রী জানান, ওমানের একটি প্রতিনিধিদল আগামী মাসে আবার আসবে। প্রবাসী কল্যাণ মন্ত্রণালয়ের সঙ্গে কথা বলবে। এরপর বিষয়গুলো চূড়ান্ত হবে।

ওমানের ভিসা খোলার বিষয়ে সরকার কূটনৈতিকভাবে চেষ্টা করছে বলে জানান শামা ওবায়দ। তিনি বলেন, বিভিন্ন কারণে ওমানের ভিসা বন্ধ রয়েছে। বিগত সরকারের সময় থেকেই এটি বন্ধ আছে। বাংলাদেশিরা যাতে নিয়মিত ওমানে যেতে পারেন, সে জন্য কূটনৈতিক প্রচেষ্টা চালানো হচ্ছে।

দক্ষ অভিবাসনের ওপর সরকার জোর দিচ্ছে বলেও জানান প্রতিমন্ত্রী। তিনি বলেন, এই বিষয়টি আমরা ওমান সরকারকে তুলে ধরেছি। আমরা চাচ্ছি এখান থেকে আরও বেশি করে দক্ষ মানুষ যাতে ওমানে গিয়ে বিভিন্ন খাতে কাজ করতে পারেন, সরকার সেটাই চাইছে। সে জায়গাটিতে তারাও আগ্রহী। সে ব্যাপারে আমরা দুই দেশ কাজ করছি।

এ বিভাগের আরও খবর



দীর্ঘ ৪ বছর বন্ধ থাকার পর বাংলাদেশিদের জন্য খুললো মালয়েশিয়ার শ্রমবাজার।
অবশেষে চালু হয়েছে মালয়েশিয়ার শ্রমবাজার। দীর্ঘ প্রায় ৪ বছর বন্ধ থাকা শ্রমবাজারটি আনুষ্ঠানিক ঘোষণা ছাড়াই নীরবে খুলে গেল বাংলাদেশিদের জন্য।&nbs...



কাতারে সড়ক দুর্ঘটনায় প্রবাসী বাবুল আহমেদ নিহত
কাতার লুসাইল এরিয়ায় এক সড়ক দুর্ঘটনায় মারা গেছেন কাতার প্রবাসী বাবুল আহমেদ। কাতারের স্থানীয় সময় গতকাল (বৃহস্পতিবার, ২৪ সেপ্টেম্বর) রাত ৮টায় এ...



মালয়েশিয়ায় অভিযানে ৫৭ হাজারের বেশি অবৈধ অভিবাসী আটক
চলতি বছরের ১৭ সেপ্টেম্বর পর্যন্ত মালয়েশিয়ায় অভিযান চালিয়ে ৫৭ হাজারের বেশি অবৈধ অভিবাসীকে আটক করেছে দেশটির অভিবাসন বিভাগ (জেআইএম)। এ সময়ে...



মালয়েশিয়ার বন্ধ শ্রমবাজার স্বচ্ছ প্রক্রিয়ায় চালুর কাজ চলছে: প্রবাসী কল্যাণ সচিব
মালয়েশিয়ার বন্ধ থাকা শ্রমবাজার স্বচ্ছ ও সুশৃঙ্খল প্রক্রিয়ায় পুনরায় চালুর লক্ষ্যে সরকার কাজ করছে বলে জানিয়েছেন প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসূচি...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: <https://dhakaprobe.com/probash/bangladesh-theke-10-hajar-krmi-nebe-oman>